

Subject Bengali

2nd language

Worksheet

Class-3

(Poem) Kajla didi (Jatrinda Mohan Bagchi.)

(essay)- amader Vidyalay & Saraswati

Puja.

কাজলা দিদি

কবিতার সারসংক্ষেপ-

কাজলাদিদি কবিতাটি তে কবি যতীন্দ্রমোহন বাগচী একটি শিশুর কথা বলেছেন যে শিশুটি তার মায়ের কাছ থেকে তার কাজলা দিদির কথা জানতে চেয়েছে। মাকে সেই শিশুটি বলেছে সন্ধ্যা হয়ে গেছে বাঁশ বাগানের মাথার উপর চাঁদ উঠেছে তার সেই শ্লোক বলা কাজলা দিদি কোথায়? পুকুর পাড়ে লেবু গাছের অন্ধকারে ঝোপে থোকা থোকা অর্থাৎ ঝাঁকে ঝাঁকে জোনাকি পোকা জ্বলার আলো দেখা যাচ্ছে। সন্ধ্যা শেষ হয়ে রাত হতে চলল তবু শিশুটি জেগে রয়েছে কিন্তু তার কাজলা দিদি এখনো আসছে না এই প্রশ্নই সে বারবার তার মাকে করে যাচ্ছে এবং জানতে চাইছে কাজলা দিদির কথা। মাকে শিশুটি আরো প্রশ্ন

করেছে যে একটি নির্দিষ্ট দিন থেকে মা আর কাজলা দিদি কে ডাকে না দিদির কথা উঠলেই মা কেন তার আঁচল দিয়ে মুখ ঢেকে ফেলে এই রহস্য তার কাছে অজানা। খাবার খেতে এসে দিদি কে ডাকলেও তার দিদি আসেনা। দিদির কথা বললে তার মা চুপ করে থাকে শিশুটি কিছুতেই বুঝতে পারে না এর কারণ। আসলে শিশুটির কাজলা দিদি আর বেঁচে নেই, সেই প্রশ্ন তার মাকে করতে থাকে এবং ব্যস্ত করে তোলে। কবি খুব সুন্দর ভাবে একটি ছোট্ট শিশুর তার দিদির প্রতি ভালোবাসা এবং ভালোবাসার মানুষ দিদি কে না দেখতে পাওয়ার ব্যাকুলতা প্রকাশ করেছেন, এই কবিতাটির মধ্যে দিয়ে।

১)ক) নীচের প্রশ্ন গুলির উত্তর দাও।

১) বাঁশ বাগানের মাথার উপর কি উঠেছে?

২) দিদির কথায় আঁচল দিয়ে মুখটি ঢাকে ?

৩) জনাই কোথায় কিভাবে জ্বলে?

৪) শিশুটির দিদির নাম কি? দিদি শিশুটিকে কি শোনাতো ?

২)গ) বচন নির্দেশ করো।

মা

দিদি

চাঁদ

ঘ) নিচের শব্দগুলির লিঙ্গ পরিবর্তন করো ।

মা

দিদি

ঙ) ফাঁকা জায়গাগুলি তে কবিতা থেকে সঠিক শব্দ বসাতো ।

১) দিদির কথায় — দিয়ে মুখটি কেন ঢাকো ।

২) মাগো! আমার— কাজলা দিদি কই ।

৩) ফুলের—ঘুম আসে না, একলা—রই।

৪) —থেতে আমি যখন,— বলে ডাকি তখন ।

নীচের শব্দ গুলির অর্থ লেখ ।

শোলোক

জোনাই

বাড়ির কাজ

অনুশীলনী থেকে।

২)ক),খ) করো ।

রচনা

বিষয়বস্তুর সারসংক্ষেপ : যে কোন বিষয় সম্বন্ধে ছোট ছোট অর্থপূর্ণ বাক্য তৈরি করে একটি সুন্দর অনুচ্ছেদ রচনা করা যায়। যেমন আমার মা ও আমাদের বাগান এই

রকমই এক একটি রচনা একেই আমরা ইংরেজিতে
(essay)বলা হয়।

এখানে আমরা আমার মা এবং আমাদের বাগান সম্বন্ধে
দুটি রচনা তৈরি করব।

আমাদের বিদ্যালয় এবং সরস্বতী পূজা।
